

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১১৭.২৩.৬৪

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: জেডএম প্রিন্টিং এন্ড ডিজাইন লিমিটেড নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠান এর অনুকূলে ৩য় শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসংগে।

সূত্র: আবেদন পত্র নং-৮৩৫, তারিখঃ ২৭/০৭/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেডএম প্রিন্টিং এন্ড ডিজাইন লিমিটেড; অফিস ও কারখানাঃ বাড়ী-৩০, রোড-২, ব্লক-বি, ধরঞ্জারটেক, চৌরাস্তা, তুরাগ, ঢাকা নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে বস্ত্র অধিদপ্তরে নিবন্ধিত। যার নিবন্ধন নম্বর: পরিঃপ্রিন্টিং: ০০০০০৬৯০-২০২২, তারিখ: ১৭/০৭/২০২২ খ্রিঃ: এবং শিল্প উপ-খাত: 'গার্মেন্টস প্রিন্টিং'। প্রতিষ্ঠানটির আইআরসি নং-২৬০৩২৬১২০৭৩৮১২২; তারিখ: ২১/১১/২০২২ খ্রিঃ। কারখানা কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক শিল্প আইআরসি সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামালের জন্য ষাণ্মাষিক আমদানি স্বত্ত/চাহিদা টাকা=৪৯,৯৯,৯৯৯/- (উনপঞ্চাশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই) টাকা মাত্র নির্ধারণ করে ৩য় শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে জেডএম প্রিন্টিং এন্ড ডিজাইন লিমিটেড নামক শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামালের জন্য ষাণ্মাষিক আমদানি স্বত্ত/চাহিদা টাকা=৪৯,৯৯,৯৯৯/- (উনপঞ্চাশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই) টাকা মাত্র নির্ধারণ করে ৩য় শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



০২-০৮-২০২৩
মোঃ নিজাম উদ্দিন
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১১৭.২৩.৬৪/১ (৫)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, জেডএম প্রিন্টিং এন্ড ডিজাইন লিমিটেড; অফিস ও কারখানাঃ বাড়ী-৩০, রোড-২, ব্লক-বি, ধরঞ্জারটেক, চৌরাস্তা, তুরাগ, ঢাকা;
- ৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বঙ্গ অধিদপ্তর এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বঙ্গ অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

০২-০৮-২০২৩

মোঃ দেলোয়ার হোসেন
সহকারী পরিচালক